**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 02.09.2026** **Desk in Charge : SDG**
**Time: 7-50 PM** **Edit & Compile : Priya B.**
**DEO: KB** **NRT : Priya B.**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট বিমানবন্দর থেকে ৭২ আসনের ATR বিমান চালানোর পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। #এক বছরের মধ্যে ১৯ আসনের বিমান পরিষেবা শুরু করার লক্ষ্য নিয়েছে রাজ্য সরকার। # বালুরঘাট জেলা হাসপাতাল প্রাঙ্গণে দক্ষিণ দিনাজপুর মেডিক্যাল কলেজের প্রাথমিক পরিকাঠামো গড়ে তোলার সিদ্ধান্ত।

২/ পুর নির্বাচনের প্রস্তুতির খতিয়ে দেখতে রাজ্য নির্বাচন কমিশন, আজ ৬'টি জেলার জেলাশাসক এবং জেলা পুর নির্বাচন আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছে। #সংশ্লিষ্ট জেলাগুলিকে এমাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে ওয়ার্ড পুনর্বিন্যাসের প্রস্তাব চূড়ান্ত করার নির্দেশ।

৩/ ডেঙ্গু মোকাবিলায় বাড়ি বাড়ি পরিদর্শন এবং উপসর্গ থাকার রোগীর রক্ত পরীক্ষার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দপ্তর।

৪/ প্রতিবেশী ঝাড়খণ্ড ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় টানা ভারী বৃষ্টির জেরে নিম্ন দামোদর অববাহিকায় প্লাবনের আশঙ্কা দেখা দিয়েছে। #বিভিন্ন জলাধার থেকে জল ছাড়তে শুরু করেছে DVC ।

৫/ নিম্নচাপ অক্ষরেখা ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় আগামী ২৪ ঘন্টায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস।

*************************************************************************

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট বিমানবন্দর থেকে আগামী এক বছরের মধ্যে ১৯ আসনের বিমান পরিষেবা শুরু করার লক্ষ্য নিয়েছে রাজ্য সরকার। একইসঙ্গে ভবিষ্যতে ৭২ আসনের ATR বিমান চালানোর জন্য রানওয়ে সম্প্রসারণ-সহ প্রয়োজনীয় পরিকাঠামো তৈরির পরিকল্পনা নেওয়া হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। দক্ষিণ দিনাজপুর জেলায় প্রশাসনিক সফরে গিয়ে আজ বালুরঘাট বিমানবন্দর পরিদর্শন করেন তিনি। মুখ্যমন্ত্রী জানান, অসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে অবিলম্বে ১৯ আসনের বিমান পরিষেবার লাইসেন্স প্রক্রিয়া শুরু করার অনুরোধ জানানো হয়েছে। পাশাপাশি পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে ১৯ আসনের বিমান পরিচালনাকারী সংস্থাগুলির সঙ্গে আলোচনাও শুরু হয়েছে।

( বাইট- শুভেন্দু/ বালুরঘাট )

দক্ষিণ দিনাজপুরের উন্নয়নের জন্য আরও দুটি বড় প্রকল্পের কথাও ঘোষণা করেন তিনি। বালুরঘাট বিশ্ববিদ্যালয়ে বর্তমানে তিনটি বিষয়ের পরিবর্তে আরও সাতটি বিষয়ে পাঠক্রম চালুর জন্য উচ্চশিক্ষা দপ্তরকে দ্রুত অনুমোদন দেওয়ার নির্দেশ দেওয়া হবে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী পরিকাঠামো গড়তে ধাপে ধাপে প্রায় ২০০ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনার কথাও তিনি জানিয়েছেন।

বালুরঘাট জেলা হাসপাতাল প্রাঙ্গণেই দক্ষিণ দিনাজপুর মেডিক্যাল কলেজের প্রাথমিক পরিকাঠামো গড়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে। এদিন প্রশাসনিক বৈঠকে জেলার বিভিন্ন সরকারি প্রকল্পের অগ্রগতিরও পর্যালোচনা করা হয়। মুখ্যমন্ত্রীর দাবি, জেলায় ইতিমধ্যেই তিন লক্ষের বেশি মহিলা, অন্নপূর্ণা যোজনার সুবিধা পেয়েছেন, ১৩ হাজার পরিবার আবাস প্রকল্পের দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছে এবং স্বাস্থ্যবিমা প্রকল্পের আওতায় লক্ষাধিক মানুষকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া জল জীবন মিশনের কাজ দ্রুত শেষ করা, ICDS কেন্দ্র ও প্রাথমিক বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন, অবৈধ বালিঘাট নিয়মিতকরণ এবং ছোট নির্মাণকারীদের কম দামে বালি সরবরাহের ব্যবস্থাও করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

************************

পুর নির্বাচনের প্রস্তুতির খতিয়ে দেখতে রাজ্য নির্বাচন কমিশন আজ দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া ও পূর্ব মেদিনীপুরের জেলাশাসক এবং জেলা পুর নির্বাচন আধিকারিকদের সঙ্গে বৈঠক করে। রাজ্য নির্বাচন কমিশনার কৃষ্ণ গুপ্তার পৌরহিত্যে ভার্চুয়াল এই বৈঠকে এমাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যেই ওয়ার্ড পুনর্বিন্যাসের প্রস্তাব চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্ট জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। আসন সংরক্ষণের খসড়া তালিকা সেপ্টেম্বরের মাঝামাঝি নাগাদ প্রকাশ করা হতে পারে বলে কমিশন জানিয়েছে। চূড়ান্ত সংরক্ষণ তালিকা প্রকাশের সম্ভাবনা অক্টোবরের শেষ নাগাদ। সীমানা নির্ধারণ, আসন সংরক্ষণ, EVM ব্যবস্থাপনা, চূড়ান্ত ভোটার তালিকা প্রস্তুতি, ভোটকেন্দ্র বাছাই, পর্যাপ্ত ভোটকর্মী নিয়োগ সহ বিভিন্ন বিষয় বৈঠকে খতিয়ে দেখা হয়। পাশাপাশি, EVM-এর সংখ্যা, সংরক্ষণ, ফার্স্ট লেভেল চেকিং ইত্যাদি বিষয়'ও পর্যালোচনা করা হয়েছে।

এদিকে, এখনো পর্যন্ত SIR ট্রাইবুনালে বিচারাধীন থাকা ভোটাররা আসন্ন পুরসভা নির্বাচনেও তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন কিনা তা নিয়ে অনিশ্চয়তা তৈরী হয়েছে। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, পুর নির্বাচনে ভারতের নির্বাচন কমিশনের চূড়ান্ত ভোটার তালিকাই একমাত্র গ্রহণযোগ্য হবে।

************************

ক্রেতা সুরক্ষা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে খাদ্যের গুণমান এবং যথাযথ স্বাস্থ্যবিধি মানা হচ্ছে কি না তা খতিয়ে দেখতে খাদ্য সুরক্ষা দপ্তর, হোটেল, রেস্তোরাঁ সহ খাবারের দোকানগুলিতে অভিযান চালাচ্ছে।

কলকাতার ট্যাংরায় একটি নামী রেস্তোরাঁয় পুরসভার তরফে অভিযান চালিয়ে রান্নাঘর থেকে উদ্ধার হয়েছে বিপুল পরিমাণ বাসি, পচা মাছ, মাংস, চিংড়ি, খাদ্যে ব্যবহৃত অস্বাস্থ্যকর রঙ।

পূর্ব বর্ধমানের শক্তিগড়ে ল্যাংচার দোকানের পর আজ বর্ধমান শহরে সীতাভোগ, মিহিদানা সহ অন্য বিখ্যাত মিষ্টির দোকানগুলিতে অভিযানে উদ্ধার হয়েছে কয়েক কেজি

মেয়াদ উত্তীর্ণ পনীর, আইসক্রিম এবং নরম পানীয়। মিষ্টি তৈরীতে ব্যবহৃত রঙ, ঘি-এর নমুনাও পরীক্ষার জন্য সংগ্রহ করেছেন আধিকারিকরা।

এদিকে, পশ্চিম বর্ধমানের পানাগড় বাজারে বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ ও মিষ্টির দোকানে তল্লাশি চালিয়ে প্রচুর বাসি মাংস, ক্ষতিকারক রঙ মিশ্রিত তন্দুরী এবং বিরিয়ানি নষ্ট করে দেন, খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকরা।

হুগলীর রিষড়ায় জিটি রোডের ধারে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি এবং ফুড লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ায়, একটি বিরিয়ানির দোকান বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়।

**************************

রাজ্যের সরকারি হাসপাতালের নন-মেডিকেল ডেপুটি ও অ্যাসিস্ট্যান্ট সুপারদের মধ্যে ব্যাপক রদবদল করেছে স্বাস্থ্য দপ্তর। সবমিলিয়ে ১৮০ জন ডেপুটি সুপারিনটেনডেন্ট ও অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্টদের বদলির নির্দেশিকা জারি করা হয়েছে। চিকিৎসা পরিষেবা বাদ দিয়ে হাসপাতালের অন্যান্য পরিষেবা ও পরিকাঠামোর বিষয়ে দেখভাল করেন এই নন-মেডিকেল সুপাররা।

কলকাতা সহ একাধিক জেলার সরকারি হাসপাতালে লাগাতার পরিদর্শন করছেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়। বিভিন্ন হাসপাতালের পরিচ্ছন্নতা, রোগীদের দেওয়া খাবারের নিম্নমান ও নিরাপত্তার হাল দেখে ক্ষোভপ্রকাশ করেছিলেন মন্ত্রী। তার জেরেই এই ব্যাপক বদলি বলে মনে করছেন স্বাস্থ্য আধিকারিকদের একাংশ।

**************************

ক্যামাক স্ট্রীটে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে সাইনবোর্ড খোলাকে কেন্দ্র করে অশান্তি এবং পুলিশের ওপর আক্রমণের প্রেক্ষিতে দলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও'ব্রায়েন এবং অভিষেক ব্যানার্জীর আপ্ত সহায়ক সুমিত রায়কে আজ শেক্সপিয়ার সরণী থানায় জিজ্ঞাসাবাদ করা হয়। এই ঘটনায় গত সোমবার ডেরেককে তলব করা হলেও, ঐদিন তিনি হাজিরা দেননি। আজ তাকে প্রায় দু'ঘন্টা জেরা করা হয়। সুমিতকে তিন ঘন্টা ধরে জিজ্ঞাসাবাদ করে পুলিশ।

উল্লেখ্য গত বৃহস্পতিবার কলকাতা পুরসভার আধিকারিকরা পুলিশকে সঙ্গে নিয়ে ওই কার্যালয়ে বিলবোর্ড খুলতে গেলে গোলমাল বাধে। পুরসভার দাবী, ওই বিলবোর্ড বিপজ্জনকভাবে ঝুলছিল। সরকারি কাজে বাধাদান এবং পুলিশ কর্মীদের হেনস্থার অভিযোগ ওঠে দলীয় কর্মীদের বিরুদ্ধে।

*************************

দক্ষিণ ২৪ পরগণার ফলতায় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর 'সেবাশ্রয়' শিবিরের অস্থায়ী নির্মাণ সরিয়ে দিতে রাজ্যকে মৌখিকভাবে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তীর বেঞ্চে আজ এই মামলার শুনানি হয়। খেলার মাঠ দখল করে মেডিক্যাল কলেজের নামে ওই সেবাশ্রয় ক্যাম্প তৈরী করা হয়েছিল বলে অভিযোগ। ২০২৫ সালের জানুয়ারী এবং ডিসেম্বরে সেখানে শিবির বসেছিল। এরপর থেকে এই অস্থায়ী ছাউনি সেইভাবেই রয়েছে। মামলাকারীর দাবী, স্থানীয় মানুষরা এর ফলে সমস্যার সম্মুখীন হচ্ছেন।
পদ্ধতিগত কিছু ত্রুটি থাকায় আগামী সপ্তাহে আগামী সপ্তাহে ফের এই মামলার শুনানি হতে পারে।

*************************

ডেঙ্গু মোকাবিলায় বাড়ি বাড়ি পরিদর্শন এবং উপসর্গ থাকার রোগীর রক্ত পরীক্ষার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দপ্তর। এ নিয়ে আজ এক নির্দেশিকা জারি করে স্বাস্থ্য দপ্তর জানিয়েছে, আশা কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে জ্বর হয়েছে এমন রোগীর সন্ধান করবেন। ৪৮ ঘণ্টার বেশি জ্বর থাকলে সংশ্লিষ্ট স্বাস্থ্য আধিকারিকের নজরে আনতে হবে। এই সমস্ত রোগীদের নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে ডেঙ্গুর জন্য বিনামূল্যে রক্ত পরীক্ষা করাতে হবে বলে নির্দেশিকা দেওয়া হয়েছে। ১৫ই অক্টোবর পর্যন্ত রক্ত পরীক্ষা ও জনসচেতনতা বৃদ্ধি করতে ব্যাপক অভিযান চালাবে স্বাস্থ্য দপ্তর। রক্ত পরীক্ষার জন্য সকল সাতটা থেকে রাত নটা পর্যন্ত শিবির চালু থাকবে।

যেসব এলাকায় ডেঙ্গু আক্রান্তের খবর মিলবে সেখানে বিশেষ পরিচ্ছন্নতা ও মশার লার্ভা নির্মূল করার জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তর আগে

জানিয়েছে, যেসব এলাকায় সরকারি পরীক্ষার পরিকাঠামোর অভাব রয়েছে, সেখানে বেসরকারি ডায়াগনস্টিক ল্যাবরেটরিগুলিকে বিনামূল্যে অথবা ভর্তুকিযুক্ত মূল্যে রক্ত পরীক্ষা করানোর অনুরোধ জানানো হবে। আক্রান্তের পাশাপাশি আশপাশের বাড়ি পরিদর্শন করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে লার্ভিসাইড প্রয়োগ, থার্মাল ফগিং এবং পরিচ্ছন্নতা অভিযান চালাতে হবে।

*************************

প্রতিবেশী ঝাড়খণ্ড ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় টানা ভারী বৃষ্টির জেরে নিম্ন দামোদর অববাহিকায় প্লাবনের আশঙ্কা দেখা দিয়েছে। জলাধারগুলিতে ক্রমবর্ধমান জলের চাপ সামাল দিতে DVC বিভিন্ন জলাধার থেকে জল ছাড়েছে। পরিস্থিতির প্রেক্ষিতে ইতিমধ্যেই জারি হয়েছে হলুদ সতর্কতা।

**দুর্গাপুর** ব্যারাজ থেকে শেষ খবর পাওয়া পর্যন্ত **১** লক্ষ **১১** হাজার ৪০০ কিউসেক হারে জল ছাড়া হয়েছে। এদিকে দুপুর **১**’টা পর্যন্ত **মাইথন** জলাধার থেকে ৪৫ হাজার এবং **পাঞ্চেত** জলাধার থেকে ৫৪ হাজার ৮০০ কিউসেক হারে জল ছাড়া হয়েছে। দুর্গাপুর ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণ বেড়ে যাওয়ায় **দুই বর্ধমান, হাওড়া ও হুগলির** দামোদর তীরবর্তী অঞ্চলে উদ্বেগ বাড়ছে। পরিস্থিতি সামাল দিতে ২৪ ঘন্টা নজরদারি চালাচ্ছে প্রশাসন।

**পশ্চিম বর্ধমানের** আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চলের বিভিন্ন এলাকা জলমগ্ন। আসানসোলের বারাবণী বিধানসভা এলাকায় মদনমোহনপুর গ্রামে প্রায় ৭০ থেকে ৮০ ফুট এলাকা জুড়ে ধস নেমে গভীর খাদের সৃষ্টি হয়েছে। একটানা ভারী বৃষ্টির জেরে **বীরভূমের তিলপাড়া ব্যারেজ** থেকেও ৯’হাজার কিউসেক হারে জল ছাড়া হয়েছে। লাগাতার বৃষ্টিতে **বাঁকুড়ার** পাত্রশায়র ব্লকের জামকুরি গ্রাম পঞ্চায়েত এলাকায় ভাসা সেতু ভেঙে গিয়েছে। কুশতোড়া গ্রামে বৃষ্টির জেরে মাটির বাড়ি ধসে এক দম্পতির মৃত্যু হয়েছে।

*************************

নিম্নচাপ অক্ষরেখা ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় আগামী ২৪ ঘন্টায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস।

হুগলি, দুই বর্ধমান এবং বীরভূমে ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

এছাড়া ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে, কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, নদিয়া, মুর্শিদাবাদ এবং হাওড়া জেলায়। তবে ২৪ ঘন্টা পর থেকে বৃষ্টির পরিমাণ দক্ষিণবঙ্গে কমবে।

( বাইট- হাবিবুর রহমান)

অন্যদিকে, উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত ৫ জেলায় আগামী দুদিন ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা।

************************

গ্রামাঞ্চলের উন্নয়ন ও গ্রামীণ সম্পদ সৃষ্টি এবং কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে পঞ্চায়েত দপ্তর কি পরিকল্পনা নিচ্ছে তা নিয়ে আকাশবাণীকে বিস্তারিত জানিয়েছেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ। সাক্ষাৎকার নিয়েছেন আকাশবাণী প্রতিনিধি সন্দীপন দাশগুপ্ত। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি আগামীকাল রাত আটটা থেকে শোনা যাবে গীতাঞ্জলি প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সামাজিক মাধ্যমগুলিতে।

************************

নৈহাটি স্টেডিয়ামে কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল ৩-০ গোলে ইউনাইটেড কলকাতা স্পোর্টস ক্লাবকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গল ১০ ম্যাচে ২৬ পয়েন্ট সংগ্রহ করেছে।

*************************************************************************